


সাউথ লন্ডনে হামের সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে

বর্তমান সময় ও ভবিষ্যতের জন্য আপনার
শিশুকে হাম থেকে সুরক্ষিত রাখুন



আমাকে স্ক্যান
করুন


এই বিষয়ে এখান থেকে আরো জানুন:

www.nhs.uk/measles

হাম সহজেই ছড়িয়ে পরে। MMR (হাম, মাম্পস ও রুবেলা) ভ্যাকসিন সম্ভাব্য সেরা সুরক্ষা দিয়ে থাকে।

হামের উপসর্গ

সাধারণত ঠাণ্ডা-লাগার মতো উপসর্গের পরে ফুসকুড়ি দেখা দেওয়ার মাধ্যমে হাম শুরু হয়। কিছু কিছু লোকের মুখে ছোটো ছোটো দাগও দেখা দিতে পারে। এর ফলে মাঝে মাঝে গুরুতর জটিলতা দেখা দিতে পারে, যেমন অন্ধত্ব, নিউমোনিয়া, ম্যানিঞ্জাইটিস ও পচন - যার ফলে জীবনের জন্য সত্যিকারের ঝুঁকি সৃষ্টি হতে পারে।



হামের ফুসকুড়ি দেখতে কেমন

উপসর্গ সম্পর্কে আরো তথ্য এবং আপনি যদি মনে করেন আপনার বা আপনার শিশুর হাম হয়েছে তাহলে করণীয় কী তা এখানে দেখুন: www.nhs.uk/measles

আমার শিশুকে কখন ভ্যাকসিন দেওয়া উচিত?

MMR ভ্যাকসিন হলো NHS-এর শিশুদের নিয়মিত টিকাদান কার্যক্রমের অংশ - যেখানে প্রথম ডোজ এক বছরে এবং দ্বিতীয় ডোজ 18 মাসে দেওয়া হয়।

সম্পূর্ণ সুরক্ষার জন্য MMR ভ্যাকসিনের দুই ডোজের প্রয়োজন হয়। ডোজ মিস হয়ে গেলে যেকোনো সময় তা দেওয়া যায়।

MMR ভ্যাকসিন কি নিরাপদ?

MMR ভ্যাকসিন নিরাপদ এবং এটি 1980-র দশকের প্রথম দিক থেকে ব্যবহার করা হচ্ছে।

MMR ভ্যাকসিন ও অটিজমের মধ্যে কোনো যোগসূত্র নেই। অনেক গবেষণাতেই তা দেখা গেছে।

MMR ভ্যাকসিনের কোনো পার্শ্ব-প্রতিক্রিয়া আছে কি?

অন্য সকল ঔষধের মতোই, MMR ভ্যাকসিনের কিছু পার্শ্ব-প্রতিক্রিয়া রয়েছে। অধিকাংশ পার্শ্ব-প্রতিক্রিয়াই মৃদু, যেমন ইনজেকশন দেওয়া বাহুতে ব্যথা হতে পারে বা আপনার শিশুর কয়েকদিন ধরে তাপমাত্রা বেশি থাকা সহ অসুস্থ বোধ করতে পারে।

প্রমাণে দেখা যায় যে ভ্যাকসিন না নেওয়ার চাইতে ভ্যাকসিন নেওয়া বেশি নিরাপদ।

MMR ভ্যাকসিনে কি জেলাটিন থাকে (শুক্র থেকে)?

যুক্তরাজ্যে, আমাদের দুই ধরনের MMR ভ্যাকসিন রয়েছে, যেগুলো খুবই ভালোভাবে কাজ করে। এগুলোর একটিতে শুক্র থেকে সংগৃহীত জেলাটিন থাকে এবং অন্যটিতে তা থাকে না। আপনি যদি জেলাটিন ছাড়া ভ্যাকসিন নিতে চান, তবে অ্যাপয়েন্টমেন্ট বুক করার সময় অনুগ্রহ করে সে কথা আপনার জিপি-কে বলুন।

আমার বা আমার শিশুর জন্য আমি কোথা থেকে ভ্যাকসিন পেতে পারি?

অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য আপনার জিপি প্র্যাকটিসের সাথে যোগাযোগ করুন। এছাড়া এখানেও আমাদের ক্লিনিক রয়েছে:

